Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 19 April, 2025

বাংলাদেশকে ধ্বংস করতে নানা ষড়যন্ত্র হচ্ছে বলে অভিযোগ করেন বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান তুতু।তিনি বর্তমান সরকারকে দ্রুত প্রয়োজনীয় সংস্কার শেষ করে একটি রাজনৈতিক সরকার প্রতিষ্ঠা করার আহ্বান জানান।

বিএনপির এই নেতা বলেন, সেই উদ্যোগ না নিলে জনগণকে ঐক্যবদ্ধ রাখা কঠিন হবে।সে জন্যে সব ষড়যন্ত্র মোকাবিলায় মানুষকে ভোটাধিকার ফিরিয়ে দিতে হবে।মানুষের পছন্দের ব্যক্তিকে নির্বাচিত করার ক্ষমতা দিতে হবে।সেই নির্বাচনের মধ্য দিয়ে একটি গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হবে, যা শুধু দেশকে রক্ষা করতে পারবে এবং মানুষকে ঐক্যবদ্ধ রাখতে পারবে।

আজ শনিবার জাতীয় প্রেসক্লাবের সামনে দেশ বাঁচাও মানুষ বাঁচাও আন্দোলনের উদ্যোগে আয়োজিত 'ভারতে মুসলিম নির্যাতন ও হত্যার প্রতিবাদে নাগরিক সমাবেশ'–এ তিনি এ কথা বলেন।

শেখ হাসিনা নির্বাচনী ব্যবস্থা ও গণতন্ত্র ধ্বংসের মধ্য দিয়ে বাংলাদেশকে সব অর্থে ভারতের ক্রীতদাসে পরিণত করেছিলেন বলে মন্তব্য করেন বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান তুত্ব।তিনি বলেন, 'আমাদেরকে ঐক্যবদ্ধ থাকতে হবে।ভারত আমাদেরকে নানাভাবে উসকানি দিচ্ছে ।

শেখ হাসিনাকে ভারতের আশ্রয় দেওয়া প্রসঙ্গে বিএনপির এই নেতা বলেন, 'ভারত একজন ফ্যাসিস্টকে জায়গা দিয়ে নিজেকেও ফ্যাসিস্ট প্রমাণ করেছে।ভারতকে আমরা বন্ধুরাষ্ট্র মনে করি।কিন্তু ভারত বাংলাদেশকে বন্ধুরাষ্ট্র মনে করে কি না', সেই প্রশ্ন রাখেন তিনি।

প্রতিবাদ সমাবেশে প্রধান বক্তা হিসেবে বক্তব্য দেন বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা আবতুস সালাম।তিনি ভারতকে উদ্দেশ করে বলেন, বাংলাদেশ কখনো ভারতের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করে না।ভারতেরও বাংলাদেশের বিষয়ে হস্তক্ষেপ করা উচিত নয়।

দেশ বাঁচাও মানুষ বাঁচাও আন্দোলনের সভাপতি কে এম রকিবুল ইসলাম রিপনের সভাপত্বিতে সমাবেশে আরও বক্তব্য দেন বাংলাদেশ লেবার পার্টির চেয়ারম্যান লায়ন ফারুক রহমান, জাগপার সহসভাপতি রাশেদ প্রধান, মুক্তিযোদ্ধা দলের সাংগঠনিক সম্পাদক লায়ন মিয়া মো. আনোয়ার, গণ অধিকার পরিষদের সিনিয়র সহসভাপতি ফারুক হাসান প্রমুখ।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:10

URL: https://timestodaybd.com/public/bangladesh/1075775807